

## ... সামনে এগিয়ে যান !

আপনি যদি মনে করেন যে আপনার কাজে আপনি এক জায়গায় আটকে রয়েছেন, তাহলে কোন দিকে যাবেন তা বোঝা কঠিন হতে পারে। আপনি কি করবেন তা ঠিক করতে আমরা আপনাকে সাহায্য করতে পারি।

- স্থানীয় কোর্সগুলি সম্বন্ধে আমি কোথায় জানতে পারব?
- আমি আবার প্রশিক্ষণ নিতে চাই - কাজ করতে করতে এটা আমি কি ভাবে করতে পারব?
- আমার ট্রেইনিংয়ের জন্য আমি কি অর্থ সাহায্য পাব?
- আমার বাচ্চাদের দেখাশোনা করার ব্যাপারে সাহায্য আমি কোথায় পাব?

এই সব প্রশ্নগুলি এবং আরও অনেক প্রশ্নের উত্তর পেতে এবং আত্মবিশ্বাসের সাথে এর পরের পদক্ষেপ নিতে আমরা আপনাকে সাহায্য করতে পারব।

## এর পরের পদক্ষেপটি নিন

আজই আপনার আসল সম্ভাবনাকে মুক্ত করে দিন - এর থেকে ভাল সময় আর কখনও আসেনি।

আরও সম্ভাষণজনক চাকরী অথবা সব কাজই আত্মবিশ্বাসের সাথে করার পথে যে তথ্য আপনাকে এগিয়ে দেবে, বিনা খরচে সেই তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন।

আরও জানার জন্য আপনি টেলিফোনে, ইমেইলের মাধ্যমে অথবা নিচের ঠিকানায় চিঠি লিখে আমাদের সাথে যোগাযোগ করতে পারবেন।

আরও বেশী  
রোজগার করুন

জীবন থেকে আরও  
কিছু লাভ করুন

একই জায়গায় আটকে রয়েছেন বলে মনে হচ্ছে?  
আমরা আপনাকে সাহায্য করতে পারি ...



বৃত্তি পরিবর্তন করুন

নতুন ধরনের দক্ষতা  
অর্জন করুন

নতুন কিছু শিখুন

Funded by:



Leading learning and skills

IAG contact details

FOI\_[Insert local reference number]  
Bengali



## আমরা কিভাবে সাহায্য করতে পারি

আপনি কি আপনার চাকরীতে একই জায়গায় আটকে রয়েছেন এবং কোন একটা পরিবর্তন করতে চান? জীবনের থেকে আরও কিছু পেতে চান? নতুন একটা চাকরী দরকার? আপনার স্থানীয় নেত্রিস্টেপ সার্ভিস (পরিষেবা) আপনাকে **বিনা খরচে** শিক্ষা, প্রশিক্ষণের (ট্রেনিং) কোর্স এবং চাকরী সম্বন্ধে তথ্য দিতে পারবে।

## সফল হন ...

আপনার চাকরী পাওয়ার সম্ভাবনার উন্নতি করতে, কোয়ালিফিকেশন (যোগ্যতা) লাভ করতে অথবা আপনার চাকরীর থেকে সবচেয়ে বেশী রকম সন্তোষ পেতে আপনাকে আমরা সাহায্য করতে পারি।

## আরও পান ...

এবং নতুন চাকরী, বাচ্চাদের দেখাশোনা করা, শিক্ষা ও প্রশিক্ষণের জন্য অনুদান (গ্র্যান্ট), এবং আপনার কোন প্রতিবন্ধী থাকলে সাহায্যের জন্য কোথায যেতে হবে সে সব বিষয়ে আপনার নেত্রিস্টেপ সার্ভিসে অনেক উপকারী তথ্য ও উপদেশ পাওয়া যায়।

**‘বৃ্তি সংক্রান্ত কোন রকমের উপদেশ ছাড়াই, 15 বছর বয়সে আমি স্কুল ছেড়েছি। আমি স্বপ্নেও ভাবিনি যে এখন এটা আমার জন্য কতখানি তফাৎ করতে পারে।’**

## আপনার জন্য যে উপদেশ ঠিক সেই উপদেশ পান ...

আপনার যদি খুব বেশী কোয়ালিফিকেশন না থাকে (যেমন পাঁচটার কম জিসিএসই (GCSE) অথবা এনভিকিউ (NVQ) লেভেল 2 কোয়ালিফিকেশন), তাহলে আপনার স্থানীয় নেত্রিস্টেপ সার্ভিস আপনাকে বিনা খরচে উপদেশের সেশন পাওয়া সুবিধা দেবে।

আপনি গিয়ে দেখা করে, আমাদের বন্ধুত্বপূর্ণ নিরপেক্ষ উপদেশদেদের সাথে কথা বলার জন্য একটা সময় ঠিক করতে পারেন। আপনার এলাকায় শিক্ষার সুযোগ এবং আপনি যা আর্থিক সাহায্য পেতে পারেন সে বিষয়ে এরা আপনাকে তথ্য ও উপদেশ দেবেন। আপনার দক্ষতা ও আগ্রহ সম্বন্ধে আপনার সাথে আপনার উপদেশটা কথা বলবেন এবং এর পরে আপনি কি করতে চান তা ঠিক করতে আপনাকে সাহায্য করবেন।

## নতুন দিকে যাওয়া

**বিল** ভাবেনি যে স্থানীয় ইতিহাস এবং ক্যারাভ্যানিং সম্বন্ধে তার আগ্রহের ফলে তার একটা নতুন চাকরী পেতে সাহায্য হবে। কিন্তু নেত্রিস্টেপ সার্ভিসের উপদেশের সাহায্যে, যারা তার জ্ঞানকে মূল্য দেবে সেই ক্যারাভ্যান পার্কগুলির প্রয়োজন থাকতে পারে এই আশায় দরখাস্ত করার মাধ্যমে তিনি আরও ব্যাপকভাবে চাকরী খুঁজতে পেরেছেন।

‘লোকের জীবনে একটা লক্ষ্য থাকা প্রয়োজন - আপনি যা চান তার দিকে লক্ষ্য নির্দিষ্ট রেখে সেটা অর্জন করার চেষ্টা করবেন!’

## এগিয়ে যাওয়া

স্কুল ছাড়ার পরে, নীল একটাই মাত্র বেতন সহ চাকরী করেছিলেন এবং সেটাও বেশীদিন স্থায়ী হয়নি। নীল-এর নেত্রিস্টেপ-এর উপদেশটা তাকে স্থায়ী চাকরীর জন্য দরখাস্ত করতে এবং তার পড়া ও লেখার মৌলিক দক্ষতার উন্নতি করতে উৎসাহ দিয়েছিলেন।

‘আমার মৌলিক দক্ষতাগুলির উন্নতি করার ফলে আমি চাকরী পেয়েছি। আমার আত্মবিশ্বাস বেড়ে গেছে এবং আমার কথাবার্তা চালানোর ক্ষমতারও উন্নতি হয়েছে ... আমি এখন যে অবস্থায় এসে পৌঁছেছি তার জন্য আমি গর্বিত - একটা নতুন স্কুটার, ব্যাঙ্কে সঞ্চিত অর্থ এবং আমি স্বাবলম্বী।’

## কাজে ফিরে যাওয়া

1988 সালে, **দর্শনা** ভারত থেকে ইংল্যান্ড-এ এসেছিলেন এবং সন্তান হওয়ার পরে তিনি কাজে ফিরে যেতে চেয়েছিলেন। চাকরী পাওয়ার সম্পূর্ণ পদ্ধতির প্রতিটি বিষয়ে নেত্রিস্টেপ-এর উপদেশটা তাকে সাহায্য করেছেন।

‘আমার উপদেশের সাথে এই সেশনগুলি অত্যন্ত ভাল ছিল এবং তাতে খুবই সাহায্য হয়েছে। ব্যক্তিগতভাবে, আমার আত্মবিশ্বাস বেড়েছে এবং নতুন কোন কঠিন ব্যাপারে এগিয়ে যাওয়ার জন্য আমি তৈরী।’